

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ): প্রাণিসম্পদ অংগ
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
Website: www.natpdl.gov.bd | Email: directornatpdl@yahoo.com

স্মারক নং : ৩৩.০১.০০০০.৭০৫.০৫.০১.১৭-২১৭

তারিখঃ ২৭/০২/২০১৯ ইং

বরাবর,

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

..... (এনএটিপি-২ ভূক্ত ২৭০ টি উপজেলা)

বিষয় : ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), পিআইইউ : ডিএলএস এর আওতায় সিআইজি লিডার্স ট্রেনিং (CIG Leader's Training) বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।

সিআইজি লিডার্স ট্রেনিং (CIG Leader's Training) বাস্তবায়নের জন্য প্রশিক্ষণ ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ ম্যানুয়াল পিআইইউ, এনএটিপি-২ : ডিএলএস ওয়েবসাইট (www.natpdl.gov.bd) এর CIG Farmer's Training সেবা বক্সে দেয়া আছে। সিআইজি লিডার্স ট্রেনিং পরিচালনায় নিম্ন বর্ণিত নির্দেশনা পালন করতে অনুরোধ করা হলো :

১. সিআইজি লিডার্স ট্রেনিং প্রশিক্ষণ ম্যানুয়াল অনুসরণপূর্বক সিআইজি লিডার্সদের প্রশিক্ষণ প্রদান করতে হবে।
২. প্রশিক্ষণ কর্মসূচী শুরুর অন্তত ৩ (তিন) দিন পূর্বে সংশ্লিষ্ট সকল প্রশিক্ষণার্থী এবং প্রশিক্ষক-কে প্রশিক্ষণের তারিখ, সময়, স্থান উল্লেখপূর্বক লিখিতভাবে জানাতে হবে।
৩. সিআইজি সদস্যদের প্রশিক্ষণ একদিন ব্যাপী হবে। প্রশিক্ষণে মোট ৫ (পাঁচ)টি সেশন থাকবে এবং প্রতিটি সেশন ৬০ মিনিট হবে।
৪. প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সিআইজি লিডার্স ট্রেনিং প্রশিক্ষণ ম্যানুয়াল এর একটি ফটোকপি ক্লাস শুরুতেই প্রদান করতে হবে এবং এর এক কপি প্রশিক্ষণ নথিতে সংরক্ষণ করতে হবে।
৫. প্রশিক্ষণ প্রদানে অডিও-ভিজুয়াল যেমন পাওয়ারপয়েন্ট/ফ্লিপচার্ট/পোস্টার ইত্যাদি ব্যবহার করতে হবে।
৬. সিআইজি লিডার্স ট্রেনিং উপজেলা হেড কোয়ার্টারে আয়োজন করতে হবে যাতে সংশ্লিষ্ট বিষয় ভিত্তিক অভিজ্ঞ কর্মকর্তাগণ প্রশিক্ষক হিসাবে থাকতে পারেন।
৭. বিষয়ভিত্তিক ক্লাস পরিচালনায় প্রশিক্ষক হিসাবে ডিএলও/ইউএলও/ভিএস/প্রকল্পের এলইও/পিআইইউ, এনএটিপি-২ : ডিএলএস কর্মকর্তাবৃন্দ/সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ জিও/এনজিও প্রতিনিধি-কে নির্বাচন করা যেতে পারে। তবে একজন প্রশিক্ষক দৈনিক সর্বোচ্চ ২টি ক্লাস নিতে পারবেন।
৮. উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের ULA/VFA/FA (যিনি প্রকল্পের কাজের সঙ্গে সম্পৃক্ত) তাঁদের একজন প্রশিক্ষণ সংগঠক (Training Organizer) এর দায়িত্ব পালন করবেন। প্রশিক্ষণ সংগঠক প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রস্তুতিমূলক সকল কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করবেন। সুষ্ঠুভাবে প্রশিক্ষণ ক্লাস পরিচালনায় তিনি প্রশিক্ষকগণকে প্রশিক্ষণ সিডিউল সম্পর্কে যথাসময়ে অবহিত করবেন।

৯. এনএটিপি-২ এর আওতায় প্রতি ইউনিয়নে ০৩টি করে সিআইজি রয়েছে। প্রতি সিআইজিতে ৯ জন খামারী/কৃষক সদস্য সমন্বয়ে একটি কার্যনির্বাহী কমিটি রয়েছে। উক্ত কার্যনির্বাহী কমিটির নেতৃত্ববৃন্দের মধ্যে প্রতি সিআইজি থেকে ৫(পাঁচ) জনকে নিয়ে ৩০ জন প্রশিক্ষণার্থীর ব্যাচ করতে হবে। তবে এ খাতে প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী ব্যাচ করতে গিয়ে প্রতি ব্যাচে ৩০ জন প্রশিক্ষণার্থী ঠিক রাখার জন্য প্রয়োজনে বিভিন্ন ইউনিয়ন এর সিআইজি প্রশিক্ষণার্থী নেতৃত্ববৃন্দের সংখ্যা ৫ জনের কম/বেশী করা যেতে পারে। তবে প্রশিক্ষণার্থী নির্বাচনে সিআইজি'র সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষকে অগ্রধিকার দিতে হবে।
১০. প্রতিটি প্রশিক্ষণের ছবি তুলে রাখতে হবে। ছবির নিচে উক্ত প্রশিক্ষণের তারিখ, স্থান উল্লেখ পূর্বক ছবিটি উপজেলায় সংরক্ষণসহ প্রশিক্ষণ শেষে ৭ দিনের মধ্যে পিআইউ-ডিএলএস এর ই-মেইলে পাঠাতে হবে।
১১. সিআইজি লিডার্স ট্রেনিং পরিচালনার জন্য মোট বরাদ্দ টাকা ২০,২৬০.০০ যা সিআইজি সদস্যদের প্রশিক্ষণ পরিচালনার ন্যায় পূর্বের নিয়ম অনুসরণ করে প্রশিক্ষণার্থীদের ভাতা পরিশোধ ও বিল/ভাউচার পরিশোধ/প্রস্তুত করতে হবে।
১২. প্রশিক্ষণের সকল খরচের ভাউচার প্রশিক্ষণ ব্যাচ অনুযায়ী যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
১৩. প্রশিক্ষক সম্মানী এবং প্রশিক্ষণার্থীদের ভাতা সিআইজি ভিত্তিক ট্রাস চেকের মাধ্যমে প্রদান করতে হবে।
১৪. প্রকল্পের অর্থ প্রদানে প্রযোজ্য ক্ষেত্রে এনবিআর প্রদত্ত নির্দেশনা অনুযায়ী উৎসে কর/ভ্যাট কর্তণ করতে হবে।
১৫. সরকারী ও অত্র প্রকল্পের অর্থ পরিচালনার সকল বিধি বিধান অনুসরণপূর্বক আর্থিক ব্যয় নির্বাহ করতে হবে।
১৬. প্রশিক্ষণার্থীরা একটি রেজিষ্টারে নিজেদের নাম নিবন্ধন করবেন এবং ব্যক্তিগত তথ্যাদির ফর্ম (CV) পূরণ করবেন। প্রশিক্ষণার্থীদের নামের তালিকা, তাঁদের এনআইডি নম্বর, মোবাইল নম্বর, প্রশিক্ষণের বিষয়বস্তু, প্রশিক্ষণের তারিখ, উপস্থিতির সংখ্যা, ইত্যাদি তথ্য উপজেলায় সংরক্ষণ করতে হবে। প্রতি ব্যাচ প্রশিক্ষণার্থীর Consolidated তথ্যাদি উপজেলায় সংরক্ষণসহ প্রশিক্ষণ শেষে ৭ দিনের মধ্যে পিআইউ-ডিএলএস এর ই-মেইলে পাঠাতে হবে।

(ডা: মনজুর মোহাম্মদ শাহজাদা)

পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ): প্রাণিসম্পদ অংগ

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম

ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)

প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা-১২১৫।